দৈনিক
ইত্তেফাক

তারিখ .. 20 JUN 2015 ...
পৃষ্ঠা ...৩... কলাম ...৫...

# কাফরুলে পুলিশের গুলিতে ১৩ শিক্ষার্থী আহত

■ ইত্তেফাক রিপোর্ট

রাজধানীর কাফরুলে সড়ক অবরোধকে কেন্দ্র করে পুলিশের গুলিতে ১৩ শিক্ষার্থী আহত হয়েছেন। আহতরা হলেন- শাহ্জালাল, সফদের, রোকন, মওদুদ, সুদীপ, সাঈদ, দুলাল, লিমন, রাতুল, সঞ্জীব, আল আমিন, লুৎফর ও সুমন। আহতদের সবাই ২০ থেকে ২২ বছরের মধ্যে। তারা সবাই সরকারি ইউনানী আয়ুর্বেদিক মেডিক্যাল কলেজ হাসপাতালের শিক্ষার্থী। বৃহস্পতিবার রাত সাড়ে ১০টায় এ ঘটনা ঘটে। আহতরা জানান, দীর্ঘদিন ধরে সরকারি ইউনানী আয়ুর্বেদিক কলেজ মাঠে বহিরাগতরা মাদক সেবন ও অসামাজিক কার্যকলাপ করে আসছিলো। তারা প্রতিদিন খেলাধুলা করতে মাঠে আসত। বহিরাগতদের মাঠে প্রবেশ করতে নিষেধ করা হলেও তারা নিষেধ অমান্য করে মাঠে প্রবেশ করে। বৃহস্পতিবার বিকালে কলেজের অধ্যক্ষকে সঙ্গে নিয়ে বহিরাগতদের মাঠ থেকে বের করে দেয়া হয়। সন্ধ্যায় কলেজের এক শিক্ষার্থী বাইরে গেলে তাকে মারধর করে বহিরাগতরা। এ খবর পেয়ে অন্য শিক্ষার্থীরা রাত ৯টায় রাস্তা অবরোধ করে। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে এসে শিক্ষার্থীদের সরে যেতে বলেন। ছাত্রকে মারধরের ঘটনায় তারা পুলিশের কাছে বিচার দাবি করেন। একপর্যায়ে পুলিশ শিক্ষার্থীদের সরিয়ে দিতে শর্টগান থেকে গুলি ছোড়ে। এতে ১৩ শিক্ষার্থী গুলিবিদ্ধ হয়। আহতদের রাত সাড়ে ১২টায় উদ্ধার করে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। এ বিষয়ে, কাফরুল থানার ডিউটি অফিসার এসআই ইদ্রিস আলী বলেন, রাত ১০টায় খবর পেয়ে কাফরুল থানা পুলিশ ঘটনাস্থলে গিয়ে কলেজের শিক্ষার্থীদের অবরোধ তুলে নিতে বলা হলে তারা পুলিশকে লক্ষ্য করে ইটপাটকেল নিক্ষেপ করে। পরে পুলিশও আত্মরক্ষার্থে শিক্ষার্থীদের লক্ষ্য করে শর্টগানের গুলি ছোড়ে। এতে কয়েকজন ছাত্র আহত হন।

ঢামেক হাসপাতাল সূত্র জানায়, আহত শিক্ষার্থীদের কারো হাতে ও কারো পায়ে গুলির চি?হ্ন রয়েছে। তাদের চিকিৎসা দিয়ে ছেড়ে দেয়া হয়।